

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(সিটি কর্পোরেশন-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ চৈত্র ১৪২৩/২৭ মার্চ ২০১৭

নং ৪৬.০৭০.০৩৯.০০.০০.০৭৬.১১-৩৮৬—যেহেতু জনাব মোঃ হাব্বুন অর রসিদ, পিতা-মোঃ খলিল মিয়া, কামাল মিয়া, বিল্ডিং, পোর্ট রোড (৩০১ নং রুম), পোর্ট রোড, বরিশাল সদর, বরিশাল, বরিশাল সিটি কর্পোরেশনের ৯ নং সাধারণ ওয়ার্ড এর নির্বাচিত কাউন্সিলর; এবং

যেহেতু, তাহার বিরুদ্ধে দায়েরকৃত বিশেষ ট্রাইব্যুনালের মামলা নং-৭/২০১৬ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ হাব্বুন অর রসিদ, কাউন্সিলর, ৯ নং সাধারণ ওয়ার্ড, বরিশাল সিটি কর্পোরেশনকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহমুদুল আলম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩৪৩৯)

মূল্য : টাকা ৪.০০